

প্রেস বিজ্ঞপ্তি

চতুর্থ বাংলাদেশ লেদার ফুটওয়্যার অ্যান্ড লেদারগুডস ইন্টারন্যাশনাল সোর্সিং শো (ব্লিস-২০২৩) সফলভাবে সম্পন্ন।

৪র্থ বাংলাদেশ লেদার ফুটওয়্যার অ্যান্ড লেদারগুডস ইন্টারন্যাশনাল সোর্সিং শো (ব্লিস-২০২৩) গত ১৪ ই অক্টোবর ২০২৩ সফলভাবে সম্পন্ন হয়েছে। এ আন্তর্জাতিক সোর্সিং প্রদর্শনী বৈশ্বিক ব্র্যান্ডস, বায়ার্স, সোর্সিং এজেন্টদের কাছে বাংলাদেশে উৎপাদিত চামড়াজাত পণ্য, পাদুকা এবং একসেসরিজ প্রদর্শন করেছে। প্রদর্শনীটি ঢাকার ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি) তে ১২-১৪ অক্টোবর ২০২৩ পর্যন্ত অনুষ্ঠিত হয়, যা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিগত বৃহস্পতিবার, ১২ অক্টোবর ২০২৩ বিকাল ৪টায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি শুভ উদ্বোধন করেন। ব্লিস-২০২৩ দেশীয় এবং আন্তর্জাতিক দর্শক এবং অংশগ্রহণকারীদের কাছে প্রত্যাশার চেয়ে ভালো সাড়া জাগিয়েছে।

লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) এবং বাণিজ্য মন্ত্রণালয়ের যৌথভাবে আয়োজিত ব্লিস-২০২৩ চামড়া ও পাদুকা শিল্পে একটি আন্তর্জাতিক সোর্সিং শো, যা সহযোগিতা, উদ্ভাবন এবং বাণিজ্যের সুযোগ সৃষ্টি করেছে। এ বছরের ট্যাগলাইন ছিল: possible.In Bangladesh। সোর্সিংয়ের বৃহৎ এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অংশীদারদের একটি প্ল্যাটফর্মে একত্রিত করতে ব্লিস-২০২৩ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

যুক্তরাষ্ট্র, কানাডা, জার্মানি, ইতালি, ভারত, যুক্তরাজ্য, জাপান, পোল্যান্ড, রাশিয়া এবং চীনসহ ১৫ টিরও বেশি দেশ থেকে ২০০ এরও অধিক অংশগ্রহণকারী এবং দেশ-বিদেশের ২২০০ জনেরও বেশি দর্শক প্রদর্শনীটি পরিদর্শন করে। ব্লিস-২০২৩ বাংলাদেশকে বৈশ্বিক সাপ্লাই চেইনে চামড়াজাত পণ্য ও পাদুকা খাতের বিশ্বের অন্যতম সম্ভাবনাময় ও অঙ্গীকারবদ্ধ সোর্সিং হাব হিসেবে তুলে ধরেছে। এটি এ শিল্পের বৈশ্বিক বিশেষজ্ঞ, ক্রেতা, ব্র্যান্ড এবং সোর্সিং প্রতিনিধিদের সাথে বাংলাদেশের চামড়াজাত পণ্য, পাদুকা প্রস্তুতকারক, রপ্তানিকারক এবং সহযোগী শিল্পের মাঝে সেতুবন্ধন সৃষ্টি করেছে।

৬ টি প্যাভেলিয়নস ও ৪০টি স্ট্যাণ্ডে, বাংলাদেশের স্বনামধন্য স্থানীয় ও বৈদেশিক পাদুকা ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠান সমূহ তাদের উৎপাদিত রপ্তানিমুখী সর্বাধুনিক পাদুকা, চামড়াজাত ও একসেসরিজ পণ্যসমূহ পণ্যসমূহ প্রদর্শন করে। ব্লিস-২০২৩ ব্যবসায়িক ম্যাচ মেকিং, উৎপাদনকারী, সরবরাহকারী এবং বিভিন্ন ক্রেতা প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ের প্রতিনিধিদের সাথে ব্যসায়িক সম্পর্ক গড়ে তুলে।

ব্লিস-২০২৩ তে প্রদর্শনীর পাশাপাশি বৈশ্বিক শিল্প বিশেষজ্ঞদের দ্বারা পরিচালিত তিনটি ব্রেকআউট সেশন অনুষ্ঠিত হয় যেখানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, স্থানীয় ও আন্তর্জাতিক ব্র্যান্ড প্রতিনিধিবৃন্দ, পরিবেশক, ডিজাইনার, ফ্যাশন বিশেষজ্ঞ, শিল্প উদ্যোক্তা, আনুষঙ্গিক পরিষেবা সরবরাহকারী, সম্ভাব্য বৈদেশিক ও স্থানীয় বিনিয়োগকারীবৃন্দসহ দেশীয় ও বিদেশী অগণিত দর্শক শ্রোতা অংশগ্রহণ করেন। এসব সেশনেগুলোতে শিল্পের সম্ভাবনা ও চ্যালেঞ্জ, টেকসয়তার চর্চা, মার্কেট অ্যান্ড্রেস, বৈশ্বিক ভ্যালু চেইনের সঙ্গে বাংলাদেশকে সংযুক্ত করা ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।

###